

সীমিত

ন্যাশনাল ডিফেন্স কলেজ  
মিরপুর সেনানিবাস

তারিখ: ৮০৩১১১১ বর্ধিত-৩১৫৬  
ই মেইল: g1admin@ndc.gov.bd

চৈত্র ১৪২২

মার্চ ২০১৬

২৩.২৬.৯০২.০০০.৩৭০.০১.০২.২৩.১৬

**সরকারের ০৭ (সাত) বছরের অগ্রগতির তথ্য প্রচারের ব্যবস্থাকরণ সম্পর্কিত**

বরাতঃ

ক। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং ২৩.০০.০০০০.১৫০.১৬.০১৩.১৪.৭২ তারিখ ১০ মার্চ ২০১৬।

বরাত পত্রের আলোকে অত্র প্রতিষ্ঠান কর্তৃক বর্তমান সরকারের বিগত ০৭ (সাত) বছরের সকল কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন অত্র পত্রের ফ্রোডপত্র ক হিসেবে (সফট কপিসহ) আপনাদের পরবর্তী কার্যক্রমের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

মোঃ আনোয়ার হোসেন ভূঁইয়া  
লেঃ কর্নেল  
পক্ষে কমান্ড্যান্ট

ফ্রোডপত্রঃ

বিতরণঃ

বহির্গমনঃ

কার্যক্রমঃ

সিনিয়র সচিব  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রতিরক্ষা মন্ত্রণালয়  
গণভবন কমপ্লেক্স  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

সীমিত

- ১। ১০ জানুয়ারি ১৯৯৮ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা অত্র প্রতিষ্ঠানের ৪র্থ তলা বিশিষ্ট মূল ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ২০১০ সালে উক্ত ৪ তলা বিশিষ্ট ভবনের উপর ২ তলা নির্মাণ করলে কলেজ ভবন পূর্ণাঙ্গ রূপ লাভ করে।
- ২। ২০১০ সালে ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ২০ টি পরিবারের জন্য বাসস্থান ভবন (৫ম তলা ভিতসহ), ২০১২ সালে কর্ণেল/ব্রিগেডিয়ার জেনারেল পদবীর কর্মকর্তাদের ৫২ টি পরিবারের জন্য ১৪ তলা বিশিষ্ট বি টাইপ ভবন ও ২১০ জন সৈনিকের জন্য ৬ তলা বিশিষ্ট ০১ টি এসএম ব্যারাক নির্মাণ কাজ সম্পন্ন করা হয়।
- ৩। ন্যাশনাল ডিফেন্স কলেজ (এনডিসি) কর্তৃক ২০১০-২০১৫ সাল পর্যন্ত ক্যাপ্টেন কোর্স মাননীয় সংসদ সদস্য, মেজর জেনারেল/সমপদমর্যাদার সামরিক কর্মকর্তা, বেসামরিক প্রশাসনের সচিব, বিচারক (জেলা জজ) জাতীয় দৈনিক পত্রিকার সম্পাদক, স্বনামধন্য/প্রতিষ্ঠান ব্যবসায়ী, জ্যেষ্ঠ আইনজীবী বেসামরিক প্রতিষ্ঠানের প্রতিনিধি, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, অনারারি কনসাল জেনারেল, অতিরিক্ত আইজিপি, প্রধান প্রকৌশলী এবং স্বনামধন্য চিকিৎসকসহ সর্বমোট ১৪৪ জন অংশগ্রহন করেছেন।
- ৪। ন্যাশনাল ডিফেন্স কলেজ (এনডিসি) কর্তৃক ২০০৯-২০১৫ সাল পর্যন্ত এনডিসি কোর্সে সর্বমোট ৪২২ জন দেশী ও বিদেশী ব্রিগেডিয়ার জেনারেল/সমপর্যায়ের সামরিক এবং যুগ্মসচিব পর্যায়ে বেসামরিক কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ৫। ন্যাশনাল ডিফেন্স কলেজ (এনডিসি) কর্তৃক ২০০৯-২০১৫ সাল পর্যন্ত আর্মড ফোর্সেস ওয়ার কোর্সে (এএফডব্লিউসি) সর্বমোট ১৭০ জন সশস্ত্র বাহিনী কর্ণেল/লেঃ কর্ণেল/সমপদমর্যাদার কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ৬। আন্তর্জাতিক মান বজায় রাখার নিমিত্তে ২০১১-২০১২ অর্থ বছরে এই প্রতিষ্ঠানে দুটি ভিডিও কনফারেন্স প্রযুক্তি স্থাপন করা হয়েছে যা দ্বারা দেশ-বিদেশের বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে ভিডিও কনফারেন্সিং করা হয়।
- ৭। বর্তমান অবকাঠামো ঠিক রেখে সাউন্ড সিস্টেম সহ অন্যান্য সুবিধার সমন্বয়ে ২০১৩ সালে অত্র প্রতিষ্ঠানের অডিটোরিয়ামটি পূর্ণঃসংস্কার করা হয়।
- ৮। ২০১৩ সালে অত্র প্রতিষ্ঠানের ৪ টি পদ (সিনিয়র ডাইরেক্টিং স্টাফ আর্মি, নেভী, এয়ার ও সিভিল) ব্রিগেডিয়ার জেনারেল/সমতুল্য হতে মেজর জেনারেল/সমতুল্য পদে উন্নীত করা হয়েছে এবং মেজর জেনারেল/সমতুল্য ২ টি পদ (সিনিয়র ডাইরেক্টিং স্টাফ আর্মি এবং পররাষ্ট্র সার্ভিস) নতুনভাবে সৃষ্টি করা হয়েছে।
- ৯। ২০১৪ সালে অত্র প্রতিষ্ঠানের কলেজ সেক্রেটারি পদটি ব্রিগেডিয়ার জেনারেল হতে মেজর জেনারেল পদে উন্নীত করা হয়েছে।
- ১০। ২০১৪ সালে লেঃ কর্ণেল এবং তদনিন্ম পদবীর কর্মকর্তাদের জন্য ৩৬ টি বাসস্থান সম্বলিত ০১ টি সি/ডি টাইপ ভবন নির্মাণ করা হয়। উক্ত ভবনে অত্র প্রতিষ্ঠানের ফার্মালিটি, স্টাফ অফিসার এবং এনডিসি ও এএফডব্লিউসি কোর্স মেম্বরগণ বসবাস করছেন।
- ১১। ২০১৫ সালে ন্যাশনাল ডিফেন্স কলেজ এর অফিস ভবনের ৬ষ্ঠ তলার উপর আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত একটি বড় পরিসরের মাল্টিপারপাস হল তৈরী করা হয়েছে।
- ১২। কলেজের আইটি সেন্টারটি আধুনিক সুযোগ সুবিধায় সমৃদ্ধ শ্রেণীকক্ষ, গ্রন্থাগার এবং অন্যান্য স্থানসমূহে শক্তিশালী ওয়াইফাই নেটওয়ার্কের আওতায় আনা হয়।
- ১৩। তথ্য প্রযুক্তির প্রসার এবং তথ্যের সহজীকরণের লক্ষ্যে এনডিসি গ্রন্থাগারকে ওরাকল প্রোগ্রাম (Oracle Programme) ব্যবহার করে কম্পিউটারাইজড করা হয়েছে। একে ওয়েব ভিত্তিক করে এনডিসি ওয়েবসাইটের সাথে সংযুক্ত করা হয়েছে।